

الْقُدُّوسُ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

বিসমিল্লাহির রহমানির রহিম।

‘আসমাউল হুসনা’ অর্থাৎ ‘আল্লাহর সুন্দরতম নামসমূহ’ ৯৯টি। আসমাউল হুসনার আজকের আলোচনার বিষয় ৫ম নাম ‘আলকুদুস’।

قُدُّوسُ শব্দের মূল ق د س থেকে নির্গত বিভিন্ন শব্দ পবিত্র কোরআন মজিদে ১০ বার এসেছে। এবং ‘রুহুল কুদুস (জিবরাইল)’, ‘পবিত্র’ ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। কিন্তু ‘আল্লাহ আলকুদুস’ মাত্র তিন বার এসেছে। ‘আলকুদুস’ শব্দের অর্থ ‘যিনি সমস্ত ত্রুটি থেকে পবিত্র’।

পবিত্র কুরআন মজিদে ইরশাদ হচ্ছে:

هُوَ اللَّهُ الَّذِي لَا إِلَهَ إِلَّا هُوَ الْمَلِكُ الْقُدُّوسُ ﴿٢٣﴾

সূরা আল হাশর ২৩ নং আয়াত -

তিনিই আল্লাহ, তিনি ছাড়া আর কোন ইলাহ নেই। তিনিই সার্বভৌম সম্রাট, তিনি সব ত্রুটি থেকে পবিত্র।

يُسَبِّحُ لِلَّهِ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ الْمَلِكُ الْقُدُّوسِ ﴿١﴾

সূরা জুমুয়া ১ নং আয়াত -

মহাকাশ এবং পৃথিবীতে যা কিছু আছে, সবই তাসবিহ করছে আল্লাহর, যিনি মহান সম্রাট, অতিশয় পবিত্র।

وَنَحْنُ نُسَبِّحُ بِحَمْدِكَ وَنُقَدِّسُ لَكَ ﴿٣٠﴾

সূরা আল বাকারা ৩০ নং আয়াত -

মানুষ সৃষ্টির সময় আল্লাহকে ফেরেশতারা বলেছিল:

আমরাই তো আপনার প্রশংসা এবং কৃতজ্ঞতা প্রকাশ করে তসবিহ করছি আর আপনার পবিত্রতা ঘোষণা করছি।

বুখারী ও মুসলিমের সহীহ হাদীস:

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর কাছে দোয়া করতেন: হে আল্লাহ, পূর্ব ও পশ্চিমের মধ্যে যেরকম দূরত্ব, আমার থেকে ‘পাপকে’ ঐরকম দূরত্বে রাখুন। হে আল্লাহ, ধবধবে সাদা পোশাকের মতো আমাকে পাপ পঙ্কিলতা থেকে পবিত্র করুন। হে আল্লাহ তুষার পানি ও বরফ দ্বারা আমার পাপকে পরিষ্কার করুন।

আল্লাহ-আল-কুদ্দুস অবিচার/ অন্যায়, মিথ্যাবাদিতা, বিস্মৃতি, ভ্রুটি, দারিদ্র্য, কঞ্জুসপনা থেকে মুক্ত পবিত্র।
আমাদের উচিত হবে সমস্ত অন্যায়/ অবিচার মিথ্যা কথা বলা ও কঞ্জুসীপনা থেকে দূরে থাকা।

আসুন, আল্লাহর কোন একটা গুণের সাথে আমরা অন্য কাউকে শরিক না করি। আমরা শিরক্ থেকে দূরে থাকি। কারণ আল্লাহর শিরকের গুনাহ মাফ করবেন না।

আল্লাহ আমাদের সহায় হোন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহু।